# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৫৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে কাতার পূর্ণ করার ব্যাপারে যা করা মুস্তাহাব তার বিবরণ

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يُستحبُّ لِلْمَرْءِ مِنْ إِتْمَامِ الصُّفُوفِ فِي الصَّلَوَاتِ

আরবী

2159 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي مَعْشَرٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَمْرٍو الْبَجَلِيُّ قَالَ: حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُعَاوِيَةَ: قَالَ: سَأَلْتُ الْأَعْمَشَ عَنْ حَدِيثِ جَابِرِ بْنِ سَمُرَةَ فِي الصفوف المقدمة فحدَّثَنَا عن المسيب بن نافع عَنْ تَمِيمِ بْنِ طَرَفَةَ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَلَا تَصُفُّون كَمَا تَصُفُّ الْمَلَائِكَةُ عِنْدَ رَبِّهَا)؟ قَالَ: قُلْنَا: يَا رَسُولَ اللَّهِ وَكَيْفَ يَصُفُّون الْمَلَائِكَةُ عِنْدَ رَبِّهِمْ؟ قَالَ: (يُتِمُّون الصُّفُوف الْمُقَدَّمَةَ وَيَتَرَاصُّون في الصَّفِّ).

الراوي : جَابِرِ بْن سَمُرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2159 | خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) (667): م.

বাংলা

২১৫৯. জাবির বিন সামুরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার মাসজিদে প্রবেশ করেন, অতঃপর তিনি বলেন, “তোমরা কি সেভাবে কাতারবদ্ধ হবে না, যেভাবে ফেরেস্তাগণ তাদের প্রভুর নিকটে কাতারবদ্ধ হয়।” সাহাবীগণ বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, ফেরেস্তাগণ কীভাবে তাদের প্রভুর নিকটে কাতারবদ্ধ হয়?” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তাঁরা প্রথমে প্রথমদিকের কাতারগুলো (আগে) পূর্ণ করেন এবং কাতারের মাঝে পরস্পরের সাথে মিলে দাঁড়ান।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৪৩২; মুসনাদ আহমাদ: ৫/১০১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৪৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৫৩; সহীহ মুসলিম: ৪৩০; ইবনু মাজাহ: ৯৯২; নাসাঈ: ২/৯২; আবূ আওয়ানা: ২/৩৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91477

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন